# আল-আহযাব | Al-Ahzab | اَلْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ৭০

## আরবি মূল আয়াত:

يٰٓاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَ قُوۡلُوۡا قَوۡلًا سَدِيۡدًا ﴿۷۰﴾

## অনুবাদসমূহ:

হে ঈমানদারগণ, তোমরা আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল। — আল-বায়ান

হে মু’মিনগণ! তোমরা আল্লাহকে ভয় কর এবং সরল সঠিক কথা বল। — তাইসিরুল

হে মু’মিনগণ! আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল। — মুজিবুর রহমান

O you who have believed, fear Allah and speak words of appropriate justice.
— Sahih International

৭০. হে ঈমানদারগণ! তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং সঠিক কথা বল(১);

(১) এর তাফসীর সত্য কথা, সরল কথা, সঠিক কথা করা হয়েছে। ইবন কাসীর সবগুলো উদ্ধৃত করে বলেন, সবই ঠিক। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৭০) হে বিশ্বাসীগণ ! আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বল।[1]

[1] অর্থাৎ, এমন কথা বল, যাতে কোন টেরামি বা বক্রতা নেই, ধোঁকা ও ধাপ্পা নেই। سَدِيْدٌ تَسْدِيْدُ السَّهَمِ থেকে গৃহীত। অর্থাৎ, যেমন তীরকে সোজা করা হয় যাতে সঠিক নিশানার উপর লাগে, অনুরূপ তোমাদের মুখ থেকে বের হওয়া কথা ও তোমাদের কাজ-কারবারও সোজা ও সরল হবে। সঠিকতা ও সত্যতা থেকে এক চুল বরাবর তা যেন বিচ্যুত না হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3603

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন